প্রশাসন বিভাগ-২

ঢাকা ওয়াসা

বিষয় ঃ- **উচ্চতর গ্রেড প্রদান কমিটি (কর্মচারী) এর সভায় সম্মানী প্রদান বাবদ অস্থায়ী অগ্রিম প্রদান প্রসঙ্গে।**

০৬। নির্দেশক্রমে নথি উপস্থাপন করা হলো। নথিতে সংযুক্ত অফিস আদেশ পত্র ক্রমিক নং-০১-০২ সদয় দেখা যেতে পারে। ঢাকা ওয়াসায় কর্মরত ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীগণের (১১তম-২০তম গ্রেডের কর্মচারী) উচ্চতর গ্রেডের আবেদন বিধি মোতাবেক যাচাই-বাছাই পূর্বক তাদের অনুকূলে পরবর্তী উচ্চতর গ্রেড প্রদানের লক্ষ্যে সুপারিশ প্রদানের জন্য গঠিত উচ্চতর গ্রেড প্রদান কমিটি (কর্মচারী) এর একটি সভা কমিটির **আহ্বায়ক ও উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), ঢাকা ওয়াসা** এর সভাপতিত্বে ১৪/০৮/২০২৫ তারিখে অনুষ্ঠিত হবে। এক্ষেত্রে উচ্চতর গ্রেড প্রদান কমিটি (কর্মচারী) এর সদস্যগণকে সম্মানী ভাতা প্রদানের প্রয়োজন হয়। উক্ত কমিটির কার্যপরিধি ইন্টারমেডিয়েট/জুনিয়র সিলেকশন বোর্ড এর সাথে সামঞ্জস্যপূর্ণ বিধায় একই হারে সম্মানী প্রদান করা যেতে পারে। উচ্চতর গ্রেড প্রদান কমিটি (কর্মচারী) এর আহ্বায়ক ও ০৫ জন সদস্য/সদস্য-সচিবগণের সম্মানী বাবদ (৫,০০০ X ০৬) = ৩০,০০০/- টাকা, ০১ জন সহযোগী কর্মকর্তা (৭ম থেকে ৯ম গ্রেড) এর সম্মানী বাবদ ২,০০০/- টাকা, ০১ জন সহযোগী কর্মকর্তা (১০ম গ্রেড) এর সম্মানী বাবদ ১,৫০০/- টাকা, ০২ জন সহায়ক কর্মচারী (১৩তম থেকে ১৬তম গ্রেড) এর সম্মানী বাবদ (১,০০০ X ০২) = ২,০০০/- টাকা এবং ০২ জন সহায়ক কর্মচারী (১৭তম থেকে ২০তম গ্রেড) এর সম্মানী বাবদ (৮০০ X ০২) = ১,৬০০/- টাকাসহ সর্বমোট (৩০,০০০ + ২,০০০ + ১,৫০০ + ২,০০০ + ১,৬০০) = ৩৭,১০০/- (সাইত্রিশ হাজার একশত) টাকা নির্ধারণ করা যেতে পারে। অর্থাৎ উচ্চতর গ্রেড প্রদান কমিটি (কর্মচারী) এর প্রতি সভায় সম্মানী প্রদান বাবদ সর্বমোট ৩৭,১০০/- (সাইত্রিশ হাজার একশত) টাকা প্রয়োজন হবে, যা উপ-সচিব, প্রশাসন বিভাগ-২ এর অনুকূলে অস্থায়ী অগ্রিম হিসেবে প্রদান করা যেতে পারে।

০৭। এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে উচ্চতর গ্রেড প্রদান কমিটি (কর্মচারী) এর সভা আহ্বানের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব পেশ করা হলোঃ

(ক) সভায় উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে উচ্চতর গ্রেড প্রদান কমিটি (কর্মচারী) এর সদস্যগণকে নোটিশ প্রদান করা যায়।

(খ) আপ্যায়নের ব্যবস্থা করার জন্য উপ-সচিব, কমন সার্ভিস বিভাগকে বলা যেতে পারে।

(গ) উচ্চতর গ্রেড প্রদান কমিটি (কর্মচারী) এর প্রতি সভায় সম্মানী প্রদান বাবদ সর্বমোট ৩৭,১০০/- (সাইত্রিশ হাজার একশত) টাকা উপ-সচিব, প্রশাসন বিভাগ-২ এর অনুকূলে অস্থায়ী অগ্রিম হিসেবে অনুমোদন করা যেতে পারে।

০৮। এমতাবস্থায়, নোট অনুচ্ছেদ-০৭ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

১৩/০৮/২৫

১৩/৮/২৫

OS(A-2)

মোঃ রইচ উদ্দিন
অফিস তত্ত্বাবধায়ক
প্রশাসন বিভাগ-২
ঢাকা ওয়াসা।

১৩/৮/২৫

অরুন কুমার পোদ্দার
সহকারী সচিব
প্রশাসন বিভাগ-২
ঢাকা ওয়াসা।

১৩/৮/২৫

মোঃ ইব্রাহীম খলিল
উপ-সচিব (চঃ দাঃ)
প্রশাসন বিভাগ-২
ঢাকা ওয়াসা

DS(Admin-2)

১৩/০৮/২৫
সচিব স্যার

১৩/৮/২৫
DMD(HR & Admin)
(প্রতিকল্প কর্মকর্তা)

ড. মুহা. মনিরুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক (আরপিএন্ডডি)
ও
(প্রতিকল্প কর্মকর্তা)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

১৩/৮/২৫
MD Sir

উপ-ব্যবস্থাপনা পরিচালক (গবেষণা, পরিকল্পনা ও উন্নয়ন)
ও ব্যবস্থাপনা পরিচালক (রুটিন দায়িত্ব)
ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
ওয়াসা ভবন
৯৮, কাজী নজরুল ইসলামএভিনিউ, কাওরান বাজার, ঢাকা।
Website: www.dwasa.org.bd

স্মারক নং-৪৬.০৫.০০০০.২১২.০৬.০০২.২০২৪- ৬০৪ তারিখ- ১৬/০৮/২০২৫

সভার নোটিশ

ঢাকা ওয়াসায় কর্মরত ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীগণের (১১তম-২০তম গ্রেডের কর্মচারী) উচ্চতর গ্রেডের আবেদন বিধি মোতাবেক যাচাই-বাছাই পূর্বক তাদের অনুকূলে পরবর্তী উচ্চতর গ্রেড প্রদানের লক্ষ্যে সুপারিশ প্রদানের জন্য গঠিত উচ্চতর গ্রেড প্রদান কমিটি (কর্মচারী) এর একটি সভা আগামী ১৪/০৮/২০২৫ খ্রি. তারিখ বৃহস্পতিবার বিকাল ০৪:০০ ঘটিকায় উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) এর অফিস কক্ষে কমিটির আহ্বায়ক ও উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), ঢাকা ওয়াসা এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

০২। কমিটির সম্মানীত সদস্যগণকে নির্ধারিত তারিখ ও সময়ে সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

মোঃ ইব্রাহীম খলিল
উপ-সচিব (চঃ দাঃ)
প্রশাসন বিভাগ-২
ঢাকাওয়াসা
ও
সদস্য-সচিব, উচ্চতর গ্রেড প্রদান কমিটি (কর্মচারী)।

অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

(১) উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), ঢাকা ওয়াসা ও আহ্বায়ক, উচ্চতর গ্রেড প্রদান কমিটি (কর্মচারী)।
(২) সচিব, ঢাকা ওয়াসা ও সদস্য, উচ্চতর গ্রেড প্রদান কমিটি (কর্মচারী)।
(৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা ও সদস্য, উচ্চতর গ্রেড প্রদান কমিটি (কর্মচারী)।
(৪) উপ-প্রধান অর্থ কর্মকর্তা (বাজেট শাখা), হিসাব বিভাগ, ঢাকা ওয়াসা ও সদস্য, উচ্চতর গ্রেড প্রদান কমিটি (কর্মচারী)।
(৫) উপ-প্রধান নিরীক্ষা কর্মকর্তা, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, ঢাকা ওয়াসা ও সদস্য, উচ্চতর গ্রেড প্রদান কমিটি (কর্মচারী)।
(৬) উপ-সচিব, কমন সার্ভিস বিভাগ, ঢাকা ওয়াসা (আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
(৭) ব্যবস্থাপনা পরিচালক এর ব্যক্তিগত সহকারী, ঢাকা ওয়াসা (ব্যবস্থাপনা পরিচালক এর সদয় অবগতির জন্য)।
(৮) অফিস কপি।

উপ-সচিব
প্রশাসন বিভাগ-২
ঢাকাওয়াসা।